# গণতন্ত্রে চাপ সৃষ্টিকারী কর্মসূচি অশুভ সংকেত: মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আলোচনার প্রক্রিয়া চলমান থাকা অবস্থায় নতুন কর্মসূচি ঘোষণা গণতন্ত্রের জন্য অশুভ সংকেত। তিনি মনে করেন, রাজনৈতিক সংকটের সমাধান রাজপথে নয়, বরং আলোচনার মাধ্যমেই সম্ভব।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) সিঙ্গাপুর থেকে দেশে ফিরে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, “আলোচনার সময় কর্মসূচি দেয়া অহেতুক চাপ সৃষ্টির শামিল। এতে গণতন্ত্রের কোনো মঙ্গল নেই।”

তিনি উল্লেখ করেন, ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর থেকে বিএনপি কোনো ইস্যুতেই আন্দোলনে যায়নি। রাজনৈতিক সমস্যার একমাত্র সমাধান হতে পারে পারস্পরিক আলোচনা ও সংলাপের মাধ্যমে। তিনি এও স্পষ্ট করেন যে, বিএনপি কোনো রাজনৈতিক দল নিষিদ্ধ করার পক্ষে নয়।

জাতিসংঘের আসন্ন অধিবেশনে অংশগ্রহণ প্রসঙ্গে মির্জা ফখরুল বলেন, “আমরা অধিবেশনে যোগ দেব, তবে এজেন্ডা নিয়ে এখনও কোনো আনুষ্ঠানিক আলোচনা হয়নি। সমন্বিত প্রচেষ্টা ও ঐক্যবদ্ধ সিদ্ধান্তের মাধ্যমেই আমরা এগিয়ে যাব।”

LENS ASIA